যায়যায়দিন

2-4 APR 2008
-৩ 2

# রাজনৈতিক অঙ্গীকার নিশ্চিত করতে পারলেই শিক্ষা ক্ষেত্রে সাফল্য আসবে

—রাশেদা কে চৌধুরী

যাযাদি রিপোর্ট

রাজনৈতিক অঙ্গীকার নিশ্চিত করতে পারলেই শিক্ষা ক্ষেত্রে সফলতা অর্জন করা সম্ভব। গতকাল সিরডাপ অডিটরিয়ামে গণসাক্ষরতা অভিযান, সুজন ও ইমপ্রেস টেলিফিল্ম আয়োজিত 'শিক্ষার চালচিত্র' প্রাক-সম্প্রচার অবহিতকরণ অনুষ্ঠানে উপদেষ্টা রাশেদা কে চৌধুরী এ কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী আরো বলেন, আমাদের দেশে শিক্ষা ক্ষেত্রে ছেলে ও মেয়ের মধ্যে সমতা আনার বিষয়টিকে প্রতিটি সরকারই গুরুত্ব দিয়েছে। আমাদের মূলধারার শিক্ষা ব্যবস্থার ত্রুটিগুলো বের করা উচিত।

বর্তমানে শিক্ষার অবস্থা নিয়ে ইমপ্রেস টেলিফিল্ম প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা ২০ মিনিটে প্রোগ্রাম সম্প্রচার করবে চ্যানেল আইতে। এ প্রোগ্রামের প্রাক-সম্প্রচার অনুষ্ঠান ছিল গতকাল।

অনুষ্ঠানে চ্যানেল আইয়ের পরিচালক ও প্রধান বার্তা সম্পাদক শাইখ সিরাজ বলেন, কেবল বিনোদনই নয়, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিকসহ বিভিন্ন বিষয়ে
মিডিয়ার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে
তিনি বলেন, ওয়াচডগের ভূমিকা পা
করতেই চ্যানেল আই শিক্ষার চালচি
অনুষ্ঠানটি করছে।

প্রফেসর মোজাফফর আহমদে
সভাপতিত্বে শিক্ষাবিদ মনিরুজ্জামান মি
বলেন, এ দেশকে দারিদ্র্যমুক্ত করতে হ
শিক্ষাকে ছড়িয়ে দিতে হবে। তিনি বলে
মিডিয়ার মাধ্যমে একই সঙ্গে তথ্য স্টুডে
টিচার ও অভিভাবকের মধ্যে পৌঁছে দে
সম্ভব। বর্তমান শিক্ষার চালচিত্র সাধার
মানুষের কাছে তুলে ধরার ক্ষেত্রে
অনুষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন কর
বলে মনে করেন তিনি।

অনুষ্ঠানে সুশাসনের জন্য নাগরিকে
(সুজন) সম্পাদক বদিউল আলম মজুমদা
গণসাক্ষরতা অভিযানের ভারপ্রা
পরিচালক মুহাম্মদ আজিজুল হক, কার্যক্র
ব্যবস্থাপক সৈয়দ-উল-আলম কাজল প্রমু
বক্তব্য রাখেন।

চ্যানেল আইতে ৬ মে থেকে শিক্ষা চালচিত্র অনুষ্ঠানটি সম্প্রচার করা হবে। অনুষ্ঠানটি প্রাথমিকভাবে ৩০ পর্বের করা পরিকল্পনা থাকলেও পর্ব সংখ্যা বাড়া
হবে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।